

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা
www.powerdivision.gov.bd

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.৭

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

বিষয়: বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়সমূহকে জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়নে
প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান

সূত্র: সভার কার্যবিবরণী-২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.৪৭৯, তারিখ-২৪/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, জাতীয় রুফটপ সোলার কর্মসূচির আওতায় অর্থ বিভাগ কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে ৬৪টি জেলা প্রশাসকের কার্যালয় এবং ৬টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ২১.৮০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। সূত্রস্থ স্মারক অনুযায়ী এই কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানের জন্য ইতোপূর্বে নির্দেশনা প্রদান করে হয়েছিলো। তবে, গত ২১ এপ্রিল ২০২৬ তারিখে উল্লিখিত কার্যালয়সমূহের সাথে অনলাইনে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দের আলোচনায় প্রতীয়মান হয় যে, কোন কোন জেলায় বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ থেকে প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া যাচ্ছে না।

০২। উল্লেখ্য, জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়নে জেলা পর্যায়ে সহযোগিতা প্রদানের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রত্যেক বিদ্যুৎ বিতরণ সংস্থার প্রত্যেক জেলা কার্যালয়ের ন্যূনতম একজন কর্মকর্তাকে উক্ত কর্মসূচি বিষয়ক ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যে সকল জেলায় একাধিক বিদ্যুৎ বিতরণ সংস্থা রয়েছে সে সকল জেলায় একাধিক কর্মকর্তাকে এই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়সমূহকে জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহের প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের স্ব স্ব কার্যালয়ের অফিস আদেশের মাধ্যমে নিয়োজিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

সংযুক্তি:

(১) Meeting Minuts of Rooftop Solar-479 (17-12-25)

২৬-০৪-২০২৬
তাহমিলুর রহমান
সিনিয়র সহকারী সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান (গ্রেড-১), চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

- ৩। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (ডেসকো)।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজেপাডিকো)।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.৭/১ (৭)

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব ও কাউন্সিল অফিসার, সমন্বয় শাখা-১, বিদ্যুৎ বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ বিভাগ।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ বিভাগ।
- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।
- ৫। অতিরিক্ত সচিব (নবায়নযোগ্য জ্বালানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, নজ্জা অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ।
- ৬। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ৭। অফিস কপি, প্রশাসনিক কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।



২৬-০৪-২০২৬
তাহমিলুর রহমান
সিনিয়র সহকারী সচিব



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন(২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫৩.০০২.২৬-১৯০

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩
২৭ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সদস্য, প্রশাসন/অর্থ/উৎপাদন/পিএন্ডডি/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা [সকল], বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ব্যবস্থাপক/প্রকল্প পরিচালক [সকল], বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা [আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৭। উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক/আবাসিক প্রকৌশলী [সকল], বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ০৮। অফিস কপি।

মোঃ শরিফুল আলম রিমন
উপসচিব (সংস্থাপন)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☎: ০২-২২৩৩৮০৫২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা
www.powerdivision.gov.bd

বিষয় : জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | |
|-----------------|--|
| সভাপতি | : ফারজানা মমতাজ সচিব, বিদ্যুৎ বিভাগ |
| সভার তারিখ | : ১৭ ডিসেম্বর ২০২৫ |
| সময় | : সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ (বিদ্যুৎ ভবন) |
| উপস্থিতি তালিকা | : পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিদ্যুৎ বিভাগের সিনিয়র সহকারী সচিব (নবায়নযোগ্য জ্বালানি শাখা-২) বলেন, জাতীয় রুফটপ সোলার কর্মসূচির উদ্যোগ 'ক'-এর আওতায় বিভিন্ন মন্ত্রণালয় বরাবর অর্থ বিভাগ থেকে বরাদ্দ প্রদান করা হচ্ছে। একই সঙ্গে উদ্যোগ 'খ'-এর আওতায় দেশের সরকারি শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্য স্থাপনা এবং অন্যান্য প্রতিষ্ঠানের ছাদে মোট ১,৪১২.৭৮ মেগাওয়াট উৎপাদন ক্ষমতার দরপত্র কার্যক্রম চলমান রয়েছে। উভয় উদ্যোগের সার্বিক বিষয়বলির অগ্রগতি বিষয়ে আজকের সভা আয়োজন করা হয়েছে।

২। আলোচনা:

২.১। আলোচনার শুরুতে বিদ্যুৎ বিভাগের সিনিয়র সহকারী সচিব (নবায়নযোগ্য জ্বালানি শাখা-২) সভাকে অবহিত করেন যে, উদ্যোগ 'ক'-এর আওতায় অর্থ বিভাগ থেকে চারটি মন্ত্রণালয় বরাবর বরাদ্দ প্রদান করা হয়েছে (মন্ত্রী পরিষদ বিভাগ, সেতু বিভাগ, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)। এছাড়া আরও ০৯টি মন্ত্রণালয় থেকে প্রাপ্ত (বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়) প্রস্তাবসমূহের যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বলেন, অর্থ বিভাগ থেকে যে চারটি মন্ত্রণালয় বরাবর বরাদ্দ প্রদান করা হয়েছে, তাদের আওতাধীন মাঠপর্যায়ের প্রতিষ্ঠানসমূহকে কর্মসূচি বাস্তবায়নে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থাকে সহযোগিতা করতে হবে। বিশেষত নেট মিটারিং আবেদন অনুমোদন, ব্যবহৃত যন্ত্রপাতির গুণগত মান যাচাই এবং জাতীয় রুফটপ সোলার কর্মসূচি সংক্রান্ত তথ্যগত সহযোগিতা প্রদান নিশ্চিত করতে হবে। বিদ্যুৎ বিতরণ সংস্থার মাঠপর্যায়ে প্রতি জেলার যে কর্মকর্তাকে বিদ্যুৎ বিভাগ থেকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, তাকে সংশ্লিষ্ট জেলার বিদ্যুৎ বিতরণ সংস্থার আওতাভুক্ত এলাকায় এই কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন ও বাস্তবায়নযোগ্য সকল প্রকল্পে প্রত্যক্ষভাবে সহযোগিতা ও সমন্বয় করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে। উক্ত কর্মকর্তা তাঁর কর্মস্থলের আওতাভুক্ত প্রকল্পসমূহের নিম্নোক্ত ছক অনুযায়ী তালিকা সংরক্ষণ করবেন এবং নিয়মিতভাবে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থার প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন।

| প্রতিষ্ঠানের নাম, উপজেলা, জেলা | মন্ত্রণালয় | সিস্টেম এর বিবরণ (সক্ষমতা, ব্যয় ইত্যাদি) | অগ্রগতি |
|--------------------------------|-------------|---|---------|
| | | | |

সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা এসব প্রতিবেদন সমন্বিত করে প্রতিমাসে বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে। সভাপতি আরও বলেন, বিদ্যুৎ বিভাগের যেসব কর্মকর্তাবৃন্দকে বিভাগ অনুযায়ী এই কর্মসূচির কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হয়েছে, তাঁদের সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনারদের সঙ্গে যোগাযোগ করে অনলাইনে সমন্বয় সভা করতে হবে।

(স্বাক্ষর)

(স্বাক্ষর)

২.২ চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বলেন, উদ্যোগ 'ক'-এর আওতায় এলটিএম পদ্ধতিতে বাস্তবায়নযোগ্য দরপত্রসমূহে অংশগ্রহণের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক ১০৭টি আবেদন যাচাই-বাছাই করে ২৭টি ঠিকাদার প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করা হয়েছে এবং উক্ত তালিকা বিউবো'র ও বিপিপিএ'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তিনি আরও বলেন, যেহেতু পিপিআর ২০২৫ প্রণীত হয়েছে, সেহেতু এই তালিকা হালনাগাদ করা যেতে পারে। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করে বলেন, এই তালিকা হালনাগাদ করতে হবে, সকল মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে এবং তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহকে জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে।

২.৩ চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বলেন, জাতীয় রুফটপ সোলার কর্মসূচির গাইডলাইন অনুযায়ী উদ্যোগ 'ক'-এর আওতায় বাস্তবায়িত রুফটপ সোলার সিস্টেম থেকে মোট উৎপাদিত বিদ্যুতের ৫% সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির অনুকূলে সার্ভিস চার্জ হিসেবে প্রদান করতে হবে। তিনি বলেন, যেহেতু প্রথম থেকেই বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ উদ্যোগ 'ক'-এর সিস্টেম স্থাপন ও বুঝে নেওয়ার সঙ্গে সম্পৃক্ত থাকবে, সেহেতু এই সার্ভিস চার্জ প্রদান সিস্টেম স্থাপনের প্রথম মাস থেকেই প্রয়োগ করা প্রয়োজন। অন্যান্য বিদ্যুৎ বিতরণ সংস্থার প্রধান ও প্রতিনিধিবৃন্দও এই বিষয়ে একই বক্তব্য তুলে ধরেন। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন এবং এ-সংক্রান্ত প্রণীত দরপত্র ও চুক্তি দলিলে প্রয়োজনীয় সংশোধন করার নির্দেশনা প্রদান করেন।

২.৩। সভাপতি এ পর্যায়ে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি ভিত্তিক দরপত্র কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। আলোচনায় সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির প্রধান ও প্রতিনিধিবৃন্দ সর্বশেষ অগ্রগতি তুলে ধরেন। তারা আলোচনায় উল্লেখ করেন যে, উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং সকল সংস্থাপ্রধান বরাবর বেসরকারি বিনিয়োগকারীবৃন্দ কিছু বিষয় বিবেচনা করার জন্য অনুরোধ জানিয়েছেন। এর মধ্যে উল্লেখযোগ্য বিষয় হলো বাস্তবায়নের সময় বৃদ্ধি; তারা জানান যে, তাদের সমীক্ষা পরিচালনা এবং বাস্তবায়নের জন্য আরও সময় প্রয়োজন। সভাপতি বলেন, ১০ ডিসেম্বর ২০২৫ তারিখে উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় রুফটপ সোলার কর্মসূচির বাস্তবায়নকাল সর্বোচ্চ ছয় মাস পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী এবং পিপিআর-২০২৫ অনুসরণ করে দরপত্র দলিলে প্রয়োজনীয় সংশোধন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কর্মসূচির বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।

আলোচনায় সদস্যবৃন্দ বলেন, বেসরকারি বিনিয়োগকারীবৃন্দ উল্লেখ করেছেন যে, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডসহ অন্যান্য সংস্থার লাইন আপগ্রেডেশনের দায়িত্ব বিনিয়োগকারীদের ওপর থাকায় তা লাভজনক হবে না। সভাপতি বলেন, উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত একই সভায় BREB কর্তৃক কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় লাইন আপগ্রেডেশন (ট্রান্সফরমার এবং সংশ্লিষ্ট ইভাকুয়েশন লাইন ও সরঞ্জামাদি) তার চলমান প্রকল্প এবং নিজস্ব অর্থায়নে সম্পন্ন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। এই নির্দেশনা সকল বিদ্যুৎ বিতরণ সংস্থার জন্য প্রযোজ্য হবে। নির্দেশনা অনুযায়ী এবং পিপিআর-২০২৫ অনুসরণ করে দরপত্র দলিলে প্রয়োজনীয় সংশোধন করতে হবে।

সিনিয়র সহকারী সচিব (নবায়নযোগ্য জ্বালানি – ২) বলেন, বিনিয়োগকারীদের BREB-এর ট্যারিফ সংক্রান্ত অস্পষ্টতা আছে বলে উল্লেখ করেছেন। তিনি বলেন, জাতীয় রুফটপ সোলার কর্মসূচির গাইডলাইন অনুযায়ী BREB কর্তৃক উদ্যোগ 'খ'-এর আওতায় গৃহীত কার্যক্রমের ট্যারিফ সর্বোচ্চ (বান্ধ ট্যারিফ + হইলিং চার্জ) হিসেবে উল্লেখ রয়েছে এবং কর্মসূচি প্রণয়ন কমিটির পর্যালোচনা অনুযায়ী এই ট্যারিফ বিনিয়োগকারীদের জন্য লাভজনক। সভাপতি বলেন, সেই অনুযায়ী BREB-এর দরপত্র দলিলে গাইডলাইন অনুযায়ী প্রয়োজনীয় সংশোধন করতে হবে।

সিনিয়র সহকারী সচিব (নবায়নযোগ্য জ্বালানি – ২) আরও জানান, বিনিয়োগকারীরা লোডশেডিং-এর সময় কিভাবে বিল সমন্বয় করা হবে সে বিষয়ে জানতে চেয়েছেন। এ বিষয়ে পরিচালক (নবায়নযোগ্য জ্বালানি), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড জানান, উদ্যোগ 'খ'-এর আওতায় গৃহীত OPEX মডেলে বাস্তবায়িত সৌরবিদ্যুৎ প্রকল্পের দ্বিতীয় পর্যায় (Operation & Maintenance)-এ Liquidated Damage (LD) নির্ণয়ের ক্ষেত্রে Tenderer কর্তৃক প্রদত্ত Guaranteed Generation Calculation প্রতি বছর ৩৬৫ দিনের পরিবর্তে ৩৫০ দিন নির্ধারণ করে হিসাব করা হচ্ছে। বিস্তারিত আলোচনা শেষে ৩৪৫ দিন নির্ধারণ করার এবং 'ফোর্স ম্যাজিউর' ৩৪৫ দিনের বাইরে থাকবে মর্মে প্রস্তাব করা হয়। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন।

৩

বিনিয়োগকারীদের নির্দিষ্ট সময়ের মধ্যে বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সদস্যবৃন্দ জাতীয় রুফটপ সোলার কর্মসূচির আওতায় গৃহীত সকল সিস্টেমের বিল “No Electricity, No Payment”-এর ভিত্তিতে আবশ্যিকভাবে ৪৫ দিনের মধ্যে পরিশোধ করা হবে মর্মে মত প্রকাশ করেন। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন। উপস্থিত সদস্যবৃন্দ বলেন, কোনো দরপত্র প্যাকেজকে লাভজনক করার জন্য প্রয়োজনে বেসরকারি প্রতিষ্ঠান যুক্ত করা যেতে পারে এবং উদ্যোগ ‘খ’ সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহকে তার আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে পত্র প্রেরণ করে সিস্টেম এর নিরাপত্তা প্রদানের বিষয়ে অনুরোধ করা যেতে পারে। সভাপতি একমত পোষণ করেন এবং বলেন, প্রত্যেক প্যাকেজে কোনো প্রতিষ্ঠানকে যুক্ত করার প্রয়োজন থাকলে তা যাচাই-বাহাই করে জাতীয় রুফটপ সোলার কর্মসূচি গাইডলাইনের নির্দেশনার আলোকে যুক্ত করতে হবে, নেট মিটারিং আবেদন সম্পন্ন করতে হবে এবং প্রয়োজন হলে দরপত্র দলিলে সংশোধন করতে হবে। তিনি আরো বলেন, উদ্যোগ ‘খ’ এর আওতায় শিক্ষা প্রতিষ্ঠান এবং স্বাস্থ্য স্থাপনার ছাদে স্থাপিত সোলার সিস্টেম এর নিরাপত্তা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহকে তার আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে পত্র প্রেরণের অনুরোধ করতে হবে।

২.৪। সভার এ পর্যায়ে সিনিয়র সহকারী সচিব, নবায়নযোগ্য জ্বালানি শাখা-২ বলেন, প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য আর্থিক সংস্থান বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। সেক্ষেত্রে, বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ উদ্যোগ ‘খ’-এর আওতায় মডেল-১ এ সোলার সিস্টেম স্থাপন করতে পারে এবং সে লক্ষ্যে নিজস্ব আয়, ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড এবং বিইআরসি থেকে বরাদ্দ পাওয়ার জন্য কার্যক্রম গ্রহণ করতে পারে। এছাড়াও মডেল-২ এর আওতায় EoI আহ্বান করে বিনিয়োগকারী নির্বাচনের প্রক্রিয়া শুরু করতে পারে এবং মডেল-৩ এর আওতায় দেশীয় বিনিয়োগকারীদের সঙ্গে বিদেশী বিনিয়োগকারীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য দরপত্র দলিলে সংশোধন করা যেতে পারে।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত হয়, সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা এবং বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান/কোম্পানি আগামী দুই মাসের মধ্যে নিজস্ব অর্থায়নে তাদের নিয়ন্ত্রণাধীন সকল ভবন ও উপযুক্ত স্থানে রুফটপ সোলার স্থাপন করবে এবং বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে। সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা মডেল-১ অনুযায়ী বিনিয়োগ করবে; সে লক্ষ্যে নিজস্ব আয়, ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড এবং বিইআরসি থেকে অর্থ বরাদ্দের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে এবং কোন সংস্থা কতটুকু বিদ্যুৎ উৎপাদন করবে তা বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে। মডেল-২ এর আওতায় EoI আহ্বান করে বিনিয়োগকারী নির্বাচনের প্রক্রিয়া শুরু করবে। প্রয়োজনের মডেল-৩ অনুযায়ী দেশীয় বিনিয়োগকারীদের পাশাপাশি বিদেশি বিনিয়োগকারীও যেন অংশগ্রহণ করতে পারে, সে অনুযায়ী দরপত্র দলিল সংশোধন করতে হবে। সভাপতি আরও বলেন, কোন আর্থিক প্রতিষ্ঠান জাতীয় রুফটপ সোলার কর্মসূচিতে এখন পর্যন্ত কত পরিমাণ বিনিয়োগ করেছে এবং বিনিয়োগ বৃদ্ধির জন্য কী ধরনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন, সে বিষয়ে স্রেডা বিনিয়োগকারী এবং আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি সভার আয়োজন করবে এবং বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে।

৩.০। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---------|---|----------------------------|
| ৩.১ | উদ্যোগ ‘ক’-এর আওতায় অর্থ বিভাগ থেকে যে সকল মন্ত্রণালয় বরাদ্দ পেয়েছে, মাঠপর্যায়ে সে সকল মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা করতে হবে। বিশেষত নেট মিটারিং আবেদন অনুমোদন, ব্যবহৃত যন্ত্রপাতির গুণগত মান যাচাই এবং জাতীয় রুফটপ সোলার কর্মসূচি সংক্রান্ত তথ্যগত সহযোগিতা প্রদান নিশ্চিত করতে হবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.২ | বিদ্যুৎ বিতরণ সংস্থার মাঠপর্যায়ে প্রতি জেলার যে কর্মকর্তাকে বিদ্যুৎ বিভাগ থেকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, তাকে ওই জেলার সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থার আওতাভুক্ত এলাকায় এই কর্মসূচির মাধ্যমে বাস্তবায়নধীন ও বাস্তবায়নযোগ্য সকল প্রকল্পে প্রত্যক্ষভাবে সহযোগিতা ও সমন্বয় করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে। উক্ত কর্মকর্তা তার কর্মস্থলের আওতাভুক্ত প্রকল্পসমূহের উল্লিখিত ছক অনুযায়ী তালিকা সংরক্ষণ করবেন এবং নিয়মিতভাবে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থার প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন। সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা এ সকল রিপোর্ট সমন্বিত করে প্রতিমাসে বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |

fu

১

| | | |
|------|--|--|
| ৩.৩ | বিদ্যুৎ বিভাগের যেসব কর্মকর্তাবৃন্দকে বিভাগ অনুযায়ী এই কর্মসূচির কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হয়েছে, তাঁদের সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনারদের সঙ্গে যোগাযোগ করে অনলাইনে সমন্বয় সভা করতে হবে। | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাবৃন্দ, বিদ্যুৎ বিভাগ |
| ৩.৪ | উদ্যোগ 'ক'-এর আওতায় এলটিএম পদ্ধতিতে বাস্তবায়নযোগ্য দরপত্রসমূহে অংশগ্রহণের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত ঠিকাদার প্রতিষ্ঠানের তালিকা সকল মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড পিপিআর ২০২৫ অনুযায়ী ঠিকাদার প্রতিষ্ঠানের তালিকা হালনাগাদ করবে। এখন পর্যন্ত তালিকাভুক্ত ২৭টি প্রতিষ্ঠানকে জাতীয় রুফটপ সোলার কর্মসূচি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| ৩.৫ | জাতীয় রুফটপ সোলার কর্মসূচির গাইডলাইন অনুযায়ী উদ্যোগ 'ক'-এর আওতায় বাস্তবায়িত রুফটপ সোলার সিস্টেম থেকে মোট উৎপাদিত বিদ্যুতের ৫% সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির অনুকূলে সার্ভিস চার্জ হিসেবে প্রদান করতে হবে। এই সার্ভিস চার্জ প্রদান সিস্টেম স্থাপনের প্রথম মাস থেকে প্রযোজ্য হবে এবং 'রুফটপ সোলার ক্যালকুলেটর'-এ প্রণীত দরপত্র ও চুক্তি দলিলে এই নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সংশোধন করতে হবে। | বিদ্যুৎ বিভাগ, গাইডলাইন প্রণয়ন কারিগরি কমিটি, বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.৬ | জাতীয় রুফটপ সোলার কর্মসূচির বাস্তবায়নকাল সর্বোচ্চ ছয় মাস পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী এবং পিপিআর-২০২৫ অনুসরণ করে দরপত্র দলিলে প্রয়োজনীয় সংশোধন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কর্মসূচির বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.৭ | BREB কর্তৃক কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় লাইন আপগ্রেডেশন (ট্রান্সফরমার এবং সংশ্লিষ্ট ইভাকুয়েশন লাইন ও সরঞ্জামাদি) তার চলমান প্রকল্প এবং নিজস্ব অর্থায়নে সম্পন্ন করতে হবে। এই নির্দেশনা সকল বিদ্যুৎ বিতরণ সংস্থার জন্য প্রযোজ্য হবে। নির্দেশনা অনুযায়ী এবং পিপিআর-২০২৫ অনুসরণ করে দরপত্র দলিলে প্রয়োজনীয় সংশোধন করতে হবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.৮ | জাতীয় রুফটপ সোলার কর্মসূচির গাইডলাইন অনুযায়ী BREB কর্তৃক উদ্যোগ 'খ' এর আওতায় গৃহীত কার্যক্রমের ট্যারিফ সর্বোচ্চ (বান্ধ ট্যারিফ+হইলিং চার্জ) উল্লেখ রয়েছে। সে অনুযায়ী BREB এর দরপত্র দলিলে প্রয়োজনীয় সংশোধন করতে হবে। | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড |
| ৩.৯ | উদ্যোগ 'খ' এর আওতায় গৃহীত OPEX Model এ বাস্তবায়িতব্য সৌরবিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে, প্রকল্পের ২য় পর্যায় (Operation & Maintenance)-এ Liquidated Damage (LD) নির্ণয়ের ক্ষেত্রে, Tenderer কর্তৃক প্রদত্ত Guaranteed Generation Calculation এর ক্ষেত্রে প্রতি বছর ৩৬৫ দিনের পরিবর্তে ৩৪৫ দিনের জন্য Calculate করতে হবে এবং 'ফোর্স ম্যাজিউর' ৩৪৫ দিনের বাহিরে থাকবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.১০ | জাতীয় রুফটপ সোলার কর্মসূচির আওতায় গৃহীত সকল সিস্টেম এর বিল "No Electricity, No Payment"-এর ভিত্তিতে আবশ্যিকভাবে ৪৫ দিনের মধ্যে পরিশোধ করতে হবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.১১ | কোনো দরপত্র প্যাকেজকে লাভজনক করার জন্য প্রয়োজনে বেসরকারি প্রতিষ্ঠান যুক্ত করা যেতে পারে। প্রত্যেক প্যাকেজে কোনো প্রতিষ্ঠানকে যুক্ত করার প্রয়োজন থাকলে তা যাচাই-বাছাই করে জাতীয় রুফটপ সোলার কর্মসূচি গাইডলাইনের নির্দেশনার আলোকে যুক্ত করতে হবে, নেট মিটারিং আবেদন সম্পন্ন করতে হবে এবং প্রয়োজন হলে দরপত্র দলিলে সংশোধন করতে হবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.১২ | উদ্যোগ 'খ' এর আওতায় শিক্ষা প্রতিষ্ঠান এবং স্বাস্থ্য স্থাপনার ছাদে স্থাপিত সোলার সিস্টেম এর নিরাপত্তা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহকে তার আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে পত্র প্রেরণের অনুরোধ করতে হবে। | বিদ্যুৎ বিভাগ |
| ৩.১৩ | সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা এবং বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান/কোম্পানি আগামী দুই মাসের মধ্যে নিজস্ব অর্থায়নে তাদের নিয়ন্ত্রণাধীন সকল ভবন ও উপযুক্ত স্থানে রুফটপ সোলার স্থাপন করবে এবং বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে। | বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা |

৪

৫

| | | |
|------|---|----------------------------|
| ৩.১৪ | সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা মডেল-১ অনুযায়ী বিনিয়োগ করবে; সে লক্ষ্যে নিজস্ব আয়, ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড এবং বিইআরসি থেকে অর্থ বরাদ্দের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে এবং কোন সংস্থা কতটুকু বিদ্যুৎ উৎপাদন করবে তা বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.১৫ | মডেল-২ এর আওতায় EoI আহ্বান করে বিনিয়োগকারী নির্বাচনের প্রক্রিয়া শুরু করতে হবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.১৬ | প্রয়োজনে মডেল-৩ অনুযায়ী দেশীয় বিনিয়োগকারীদের পাশাপাশি বিদেশি বিনিয়োগকারীও যেন অংশগ্রহণ করতে পারে, সে অনুযায়ী দরপত্র দলিল সংশোধন করা হবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা (সকল) |
| ৩.১৭ | কোন আর্থিক প্রতিষ্ঠান জাতীয় রুফটপ সোলার কর্মসূচিতে এখন পর্যন্ত কত পরিমাণ বিনিয়োগ করেছে এবং বিনিয়োগ বৃদ্ধির জন্য কী ধরনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন, সে বিষয়ে স্রেডা বিনিয়োগকারী এবং আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি সভার আয়োজন করবে এবং বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে। | স্রেডা |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ফারজানা মমতাজ
২৪/১২/২০২৫

(ফারজানা মমতাজ)
সচিব

তারিখঃ ০৯ পৌষ ১৪৩২
২৪ ডিসেম্বর ২০২৫

স্মারক নং- ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.৪৭৯

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারম্যান (বাবিউবো/স্রেডা/বাপবিবো), ঢাকা;
- ০২। অতিরিক্ত সচিব (নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ), বিদ্যুৎ বিভাগ;
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা;
- ০৪। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি অধিশাখা), বিদ্যুৎ বিভাগ;
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ঢাকা;
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড বাংলাদেশ পিএলসি, ঢাকা;
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিঃ, ঢাকা;
- ০৮। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ, আশুগঞ্জ, বি-বাড়িয়া;
- ০৯। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ, ঢাকা;
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিঃ, ঢাকা;
- ১১। ব্যবস্থাপনা পরিচালক, বুরাল পাওয়ার কোম্পানি লিঃ (আরপিসিএল), ঢাকা;
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, বিআর পাওয়ারজেন, উত্তরা মডেল টাউন, ঢাকা;
- ১৩। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী;
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ওজোপাডিকো, বয়রা, খুলনা;
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ইন্ডিয়া ফ্রেন্ডশীপ পাওয়ার কোম্পানি লিঃ, ঢাকা;
- ১৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি (প্রাঃ) লিঃ (বিসিপিএল), ঢাকা;
- ১৭। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ১৮। সিনিয়র সহকারী সচিব, নবায়নযোগ্য জ্বালানি-১/২ শাখা, বিদ্যুৎ বিভাগ;
- ১৯। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২০। অফিস কপি।

তাহমিনুর রহমান
২৪/১২/২৫

(তাহমিনুর রহমান)
সিনিয়র সহকারী সচিব